গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড

১৬০ কাকরাইল, ঢাকা-১০০০

Website: www.basb.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ২৩.০০.০০০০.০৫০.১১.২৪৪.১৮-২১০ তারিখ ১৭ ডিসেম্বর ২০১৮ এর আলোকে নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড এর অধীনে বিভিন্ন জেলা সশস্ত্র বাহিনী বোর্ড সমূহের নিম্নবর্ণিত শূন্য পদ পূরনের নিমিত্ত শর্ত স্বাপেক্ষে বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

ক্রমিক	পদের নাম ও বেতন স্কেল	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (নুন্যতম)	জেলা কোটা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	করণিক (ইউডিএ) (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০/-	০১(এক)টি	সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে অথবা কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সশস্ত্র বাহিনীর ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত সার্জেন্ট বা সমপদ মর্যাদাধারী।	ক। ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ, নরসিংদী, মানিকগঞ্জ, জামালপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, ফেনী, রাংগামাটি, খাগড়াছড়ি, রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, রংপুর, নীলফামারী, ঠাকুরগাঁও, লালমনিরহাট, পঞ্চগড়, সাতক্ষীরা, কুষ্টিয়া, ঝিনাইদহ, বাগেরহাট, চুয়াডাঙ্গা, মাগুরা, নড়াইল, মেহেরপুর, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠি, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন (মোট ৩৭টি জেলা)। খ। সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণ অবেদন করতে পারবেন।
২।	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/-	০১ (এক)টি	সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ ক। কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং খ। কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। তবে শর্ত থাকে যে, সশস্ত্র বাহিনীর ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্পোরাল/ ল্যান্স কর্পোরাল বা সমপদ মর্যাদাধারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।	

অন্যান্য শর্তাবলী :

১।	নির্ধারিত ফরমে আবেদনকারীর সাম্প্রতিক সময়ের তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, ১৬০ কাকরাইল, ঢাকা-১০০০ এর বরাবর আগামী ২৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের মধ্যে সাধারণ ডাকযোগে অথবা অফিসে রক্ষিত বাক্সে (অফিস চলাকালীন সময়ে) পৌঁছাতে হবে।
২।	আবেদন ফরমটি প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং বিএএসবি'র ওয়েবসাইট (www.mod.gov.bd এবং www.basb.gov.bd) এবং বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (বিএএসবি), ১৬০ কাকরাইল, ঢাকা-১০০০ ও জেলা সশস্ত্র বাহিনী বোর্ড সমূহে (বৃহত্তর ২০ জেলা সদরে অবস্থিত) অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে।
৩।	(ক) ২৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসর; তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহনযোগ্য হবে না। (খ) অবসরপ্রাপ্ত সামরিক সদস্যদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৪৫ বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহনযোগ্য হবে না।
৪।	এতিম ও শারীরিক প্রতিবন্ধী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদেরকে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। এই সংক্রান্ত কোন প্রত্যয়ণপত্র আবেদনপত্রের সাথে দাখিল না করলে পরবর্তীতে তা আর বিবেচনায় আনা হবে না।
৫।	ক। আবেদনপত্রের সাথে প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (সত্যায়িত অনুলিপি) এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে চাকুরী প্রার্থীকে চাকুরীর আবেদনপত্রের সাথে তাদের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (প্রযোজ্যতা অনুযায়ী), যা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
	খ। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৬।	প্রচলিত বিধি মোতাবেক সকল ধরণের কোটা যথাযথভাবে সংরক্ষণ করা হবে।
৭।	চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে।
৮।	আবেদনপত্রের সাথে "পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড এর বরাবরে সোনালী ব্যাংক ট্রেজারি চালান নং ৩-১৯৩৫-০১২০-২০৩১ এ পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) জমা করতঃ ট্রেজারি চালান এর মূল কপি সংযুক্ত করতে হবে।
৯।	প্রার্থীর নামে ইন্টারভিউ কার্ড প্রেরণের জন্য প্রার্থীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) সম্বলিত ৭/- (সাত) টাকার অব্যবহৃত ডাক টিকেট সংযুক্ত ৯X৪ ইঞ্চি মাপের একটি খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
১০।	দরখাস্ত প্রেরণের ক্ষেত্রে খামের উপরে আবেদকারীর জেলার নাম এবং সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য কিনা তা উল্লেখ করতে হবে।
১১।	যোগ্য প্রার্থীদেরকে ইন্টারভিউ কার্ড (পরীক্ষার প্রবেশপত্র, পরীক্ষা অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময়সূচি) যথাসময়ে ডাকযোগে প্রার্থী প্রদত্ত ঠিকানা সম্বলিত খামের মাধ্যমে প্রেরণ করা হবে।
১২।	লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবহারিক পরীক্ষার জন্য ডাকা হবে। কম্পিউটার চালনা ও টাইপিং এর উপর ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
১৩।	লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণগণকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি দেখাতে হবে।
১৪।	শৃংখলাজনিত কারণে সশস্ত্র বাহিনীর বরখাস্ত/বাধ্যতামূলক অবসরপ্রাপ্তদের আবেদনপত্র অযোগ্য হিসেবে বিবেচিত হবে।
১৫।	নিয়োগের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৬।	অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১৭।	শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১৮।	লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

উপ-পরিচালক

বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড

এবং

সদস্য সচিব, নিয়োগ কমিটি